গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০১১.০৩.০৬০.২৩- ৫২০

তারিখ : ০২ কার্তিক ১৪৩০ / ১৮ অক্টোবর ২০২৩

স্থানীয় সরকার বিভাগের ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.৬৯ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক নীলফামারী জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহের জন্য নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ এবং একই পদের প্যানেল প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত আবেদন ফরমে **স্বহস্তে** লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	ইউনিয়ন পরিষদ সচিব	০৪ টি	১০,২০০-২৪,৬৮০/-(জাতীয় বেতন স্কেল ২০১৫ ও তৎসহ বিধি মোতাবেক ভাতাদি) গ্রেড-১৪	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী।

শর্তাবলী:

১। জেলা প্রশাসক, নীলফামারীকে সম্বোধন করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং আগামী ৩০.১১.২০২৩ তারিখ অফিস চলাকলীন সময়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বিবাহীত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থানীয় ঠিকানা উল্লেখ করতে হবে।

৩। নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্রের নমুনা জেলা প্রশাসনের ওয়েব সাইট, www.nilphamari.gov.bd জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারীর স্থানীয় সরকার শাখা ও সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে পাওয়া যাবে।

৪। প্রার্থীর বয়স ৩০.১১২০২৩ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা প্রতিবন্ধি ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। তবে বয়স নিরুপণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৫। আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) অভিজ্ঞতা (যদি থাকে) (ট) কোটার নাম এবং (ঠ) শিক্ষাগত যোগ্যতার বিবরণসমূহ **স্বহস্তে** পূরণ করতে হবে।

৬। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা/সাময়িক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন সনদ, পৌর মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র ও সদ্য তোলা ৫*৫ সে.মি. আকারের ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ০১কপি করে সংযুক্ত করতে হবে।

খ) জেলা প্রশাসক, নীলফামারী'র অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর যেকোন শাখা হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য)।

গ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম, ঠিকানা সম্বলিত ১০.৫×৪.৫ সাইজের (১০/-টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকিটসহ) একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের নমুনার কপি নীলফামারী জেলার ওয়েবসাইট (www.nilphamari.gov.bd) হতে ডাউনলোড সংযুক্তির স্থানে এক কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুকত করে প্রার্থীর নাম ও ঠিকানার কলাম **স্বহস্তে** পূরণ করে এক (এক) কপি প্রবেশপত্র আবেদনপত্রের সংগে সংযুক্ত করতে হবে।

৭। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক সনদ পত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

৮। শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক প্রদত্ত সনদপত্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র, আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ন্যূনতম ২১ (একুশ) দিনের প্রশিক্ষণের সনদপত্র সংযুক্ত করতে হবে । উল্লেখ্য, কোটা সম্পর্কিত সর্বশেষ প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৯। চাকুরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম গ্রহণযোগ্য হবে না।

১০। খামের উপরে স্পষ্টাক্ষরে আবেদনকারীর নাম, ঠিকানা, পদের নাম ও কোটার নাম লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। আবেদনকারী কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং তার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ পদের সংখ্যা কম/বেশী করাসহ নিয়োগ সংক্রান্ত শর্তাবলীর যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। নিয়োগ প্রাপ্তদের সরকারি বিধি মোতাবেক বেতন ভাতার ৭৫% সরকারি অনুদান থেকে এবং ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।

২৫.১০.২০২৩

পঙ্কজ ঘোষ
জেলা প্রশাসক
নীলফামারী
ফোনঃ ০২৫৮৯৯৫৫৩০০
dcnilphanari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০১১.০৩.০৬০.২৩-৮২০(২০০)

তারিখ : ০৯ কার্তিক ১৪৩০
২৫ অক্টোবর ২০২৩

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:-</u>

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

<u>অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:-</u>

০৫। জেলা প্রশাসক................................(সকল)।
০৬। পুলিশ সুপার, নীলফামারী।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নীলফামারী।
০৮। সিভিল সার্জন, নীলফামারী।
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
১০। উপজেলা নির্বাহী অফিসার, সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী (নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।
১২। মেয়র, নীলফামারী/সৈয়দপুর/জলঢাকা/ডোমার পৌরসভা, নীলফামারী।
১৩। ....
১৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫। জেলা তথ্য অফিসার, নীলফামারী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
১৬। চেয়ারম্যান,..ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী।
১৭। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক কালবেলা, নিউমার্কেট, ঢাকা।
১৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক নীলফামারী বার্তা, নীলফামারী।

(৩ কলামে ১২ ইঞ্চি সাইজে আগামী ২৮ অক্টোবর ২০২৩ তারিখের পূর্বে ১ (এক) দিনের জন্য সাদা কালো পৃষ্ঠায় প্রকাশের অনুরোধসহ)

২৫/১০/২০২৩

জেলা প্রশাসক